

COVID-19

টিকা

এখনও ভাইরাসটির
বিরুদ্ধে আমাদের
সর্বোত্তম প্রতিরক্ষা।



মার্কিন যুক্তরাষ্ট্রের 600 মিলিয়নেরও বেশি COVID-19 টিকার ডোজ দেওয়া হয়েছে অধ্যয়নগুলি দেখায় যে COVID-19 টিকাগুলি নিরাপদ এবং লক্ষ লক্ষ হাসপাতালে ভর্তি হওয়া রোধ করেছে এবং লক্ষ লক্ষ জীবন বাঁচিয়েছে।

NYC
Health

ছয় মাস বা তার বেশি বয়সী সকলকে একটি আপডেট করা COVID-19-এর টিকা নিতে হবে।

COVID-19 টিকাগুলি:

- আপনি COVID-19 থেকে অসুস্থ হলে আপনার উপসর্গগুলি কতটা গুরুতর তা কমাতে পারে।
- আপনার হাসপাতালে ভর্তি হওয়ার এবং COVID-19 থেকে মারা যাওয়ার ঝুঁকি হ্রাস করে।
- আপনার দীর্ঘকালীন কোভিডের ঝুঁকি হ্রাস করে।

যদিও যে কেউ COVID-19 থেকে খুব অসুস্থ হয়ে পড়তে পারে, তবে যাদের বয়স 65 বছর বা তার বেশি, গর্ভবতী, বা নির্দিষ্ট স্বাস্থ্যগত রোগাবস্থা বা অক্ষমতা রয়েছে তাদের জন্য - টিকা বিশেষভাবে গুরুত্বপূর্ণ - এবং প্রাণদায়ী।

একটি আপডেট করা টিকা পান, এমনকি যদি আপনার COVID-19 হয়ে গিয়ে থাকে বা আগে টিকাকরণ করানো হয়ে থাকে। আপডেট করা টিকাগুলি বর্তমান রূপগুলির বিরুদ্ধে সুরক্ষা দেয় এবং আপনার সুরক্ষাকে শক্তিশালী করে, যা সময়ের সাথে সাথে হ্রাস পেতে পারে। টিকার পার্শ্বপ্রতিক্রিয়া - যার মধ্যে মাথাব্যথা, ক্লান্তি এবং ইঞ্জেকশন স্থলে ব্যথা অন্তর্ভুক্ত আছে - সাধারণত হালকা থেকে মাঝারি হয় এবং কয়েক দিনের মধ্যে চলে যায়।

অধিকাংশ নিউ ইয়র্ক বাসী এখনও বিনামূল্যে একটি COVID-19 টিকা পেতে পারেন। বিমাকৃত লোকেদের জন্য, বেশিরভাগ স্বাস্থ্য পরিকল্পনা – Medicaid এবং Medicare সহ – কোনও খরচ ছাড়াই টিকা প্রদান করবে। যে সাইটগুলি বিমা না থাকা লোকেদের জন্য বিনামূল্যে টিকা প্রদান করে, সেগুলি সহ একটি টিকা দেওয়ার সাইট খোঁজার জন্য QR কোডটি স্ক্যান করুন বা vaccinefinder.nyc.gov-এ যান।

এছাড়াও, অসুস্থ হলে বাড়িতে থাকা, পরীক্ষা করানো, মাস্ক পরা এবং আপনার হাত ধোয়া হল COVID-19 এবং অন্যান্য ভাইরাসের থেকে আপনার ঝুঁকি কমানোর জন্য গুরুত্বপূর্ণ উপায়সমূহ। আপনার যদি COVID-19 এর টিকা সম্পর্কে প্রশ্ন থাকে, তাহলে 212-COVID-19 (212-268-4319) নম্বরে কল করুন বা আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

আপনার বার্ষিক
ফ্লু শটও পান।
কোভিড-19
এবং ফ্লু টিকা
একই সময়ে
নেওয়া নিরাপদ।

